যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৫৫

১/ বিবিধ

আরবী

إن الله عز وجل لما قضى خلقه استلقى، ووضع إحدى رجليه على الأخرى وقال: لا ينبغي لأحد من خلقه أن يفعل هذا

منكر جدا

رواه أبو نصر الغازي في جزء من " الأمالي " (1 / 77) من طرق عن إبراهيم بن المنذر الحزامي: حدثنا محمد بن فليح بن سليمان عن أبيه عن سعيد بن الحارث عن عبيد بن حنين قال: بينا أنا جالس إذ جاءني قتادة بن النعمان
رضي الله عنه فقال: انطلق بنا يا ابن حنين إلى أبي سعيد الخدري رضي الله عنه فإني قد أخبرت أنه قد اشتكى، فانطلقنا حتى دخلنا على أبي سعيد، فوجدناه مستلقيا رافعا رجله اليمنى على اليسرى، فسلمنا وجلسنا، فرفع قتادة بن النعمان يده إلى رجل أبي سعيد فقرصها قرصة شديدة، فقال أبو سعيد: سبحان الله يا ابن أم أوجعتني! فقال له: ذلك أردت، إن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره
فقال أبو سعيد: لا جرم والله لا أفعل أبدا. وقال: " قال الإمام أبو موسى (يعني المديني الحافظ) : رواه ابن الأصفر عن إبراهيم بن محمد بن فليح عن أبيه عن سالم أبي النضر عن أبي الحباب سعيد بن يسار عن قتادة، ورواه محمد بن المبارك الصوري عن إبراهيم بن المنذر عن محمد بن فليح عن أبيه عن سالم أبي النضر، عن عبيد بن حنين وبسر بن سعيد كلاهما عن قتادة، ورواه عن قتادة أيضا سوى عبيد بن حنين وأبي الحباب وبسر بن سعيد ـ عبيد الله بن عبد الله بن عتبة

ورواه عن إبراهيم بن المنذر محمد بن إسحاق الصغاني ومحمد بن المصفى ومحمد بن المبارك الصوري وجعفر بن سليمان النوفلي وأحمد بن رشدين وأحمد بن داود المكي وابن الأصفر وغيرهم، وحدث به من الحفاظ عبد الله بن أحمد بن حنبل وأبو بكر بن أبي عاصم وأبو القاسم الطبراني، وروي عن شداد بن أوس أيضا مرفوعا.
وروي عن عبد الله بن عباس وكعب بن عجرة رضي الله عنهما موقوفا، وعن كعب الأحبار أيضا، وروي عن عبد الله بن مسعود رضي الله عنه في قوله تعالى: (الرحمن على العرش استوى) هذا المعنى، ورواة هذا الحديث من طريق قتادة وشداد عامتهم من رجال الصحيح، وذلك كله بعد قول الله تعالى (أفمن يخلق كمن لا يخلق) إنما يوافق الاسم الاسم، ولا تشبه الصفة الصفة
قلت: مع التنزيه المذكور فإن الحديث يستشم منه رائحة اليهودية الذين يزعمون أن الله تبارك وتعالى بعد أن فرغ من خلق السموات والأرض استراح! تعالى الله عما يقول الظالمون علوا كبيرا، وهذا المعنى يكاد يكون صريحا في الحديث فإن الاستلقاء لا يكون إلا من أجل الراحة سبحانه وتعالى عن ذلك
وأنا أعتقد أن أصل هذا الحديث من الإسرائيليات وقد رأيت في كلام أبي نصر الغازي أنه روي عن كعب الأخبار، فهذا يؤيد ما ذكرته، وذكر أبو نصر أيضا أنه روي موقوفا عن عبد الله بن عباس وكعب بن عجرة، فكأنهما تلقياه ـ إن صح عنهما ـ عن كعب كما هو الشأن في كثير من الإسرائيليات، ثم وهم بعض الرواة فرفعه إلى النبي صلى الله عليه وسلم. ثم إن قول أبي نصر " إن رواة طريق قتادة من رجال الصحيح " صحيح، وكذلك قال الهيثمي في " المجمع " (8 / 100) بعد أن عزاه للطبراني، ولكن لا يلزم من ذلك أن يكون سند الحديث بالذات صحيحا لجواز أن يكون فيه من تكلم فيه، وإن كان صاحب الصحيح احتج به، فإنه يجوز أن ذلك لأنه لم يثبت جرحه عنده، أو أنه كان ينتقي من حديثه مع اعتقاده أن فيه ضعفا يسيرا لا يسقط به حديثه جملة عنده، خلافا لغيره
وإسناد هذا الحديث من هذا القبيل، فإن محمد بن فليح بن سليمان وأباه، وإن أخرج

لهما البخاري فإن فيهما ضعفا وخاصة الأب، فقد ضعفه ابن معين حتى جعله دون الدراوردي وهذا حسن الحديث! وقال في رواية: " فليح ليس بثقة ولا ابنه "، وكذلك ضعفه ابن المديني والنسائي والساجي وقال: " هو من أهل الصدق، ويهم ". ولذلك لم يسع الحافظ إلا الاعتراف بضعفه فقال في " التقريب ": " صدوق كثير الخطأ ". وأما ابنه محمد فهو أحسن حالا من أبيه، ففي " الميزان ": " قال أبو حاتم: ما به بأس، وليس بذاك القوي. ووثقه بعضهم وهو أو ثق من أبيه. وقال ابن معين ليس بثقة ". وقال الحافظ: " صدوق يهم ". وإن مما يدل على ضعفهما وضعف حديثهما اضطرابهما في إسناده

فتارة يقولان: عن سعيد بن الحارث عن عبيد بن حنين عن قتادة. وتارة: عن سالم أبي النضر بدل سعيد بن الحارث، ويقرن مع ابن حنين بسر بن سعيد وتارة يجعل مكانهما أبا الحباب سعيد بن يسار، وهذا كله من فوائد أبي نصر رحمه الله في هذا الجزء من " الأمالي ". حيث حفظ لنا فيه ما ينير السبيل على البحث في حال هذا الحديث. وأما إسناد حديث شداد فلم أقف عليه لننظر فيه، وغالب الظن أن فيه علة تقدح في صحته. والله أعلم. ومما يوهن من شأن هذا الحديث أنه صح عن عباد بن تميم عن عمه أنه رأى رسول الله عليه وسلم مستلقيا في المسجد، واضعا إحدى رجليه على الأخرى. رواه البخاري (1 / 466 بفتح الباري طبع بولاق) وترجم له بـ " باب الاستلقاء في المسجد " ثم روى عن سعيد بن المسيب قال: كان عمر وعثمان يفعلان ذلك، فلوكان الاستلقاء المذكور لا ينبغي لأحد من خلقه سبحانه كما زعم الحديث لما فعل ذلك رسول الله صلى الله عليه وسلم ثم خلفاؤه من بعده، كما لا يخفى. ولا يعارض هذا ثبوت النهي عن الاستلقاء في صحيح مسلم (6 / 154) وغيره لأنه غير معلل بهذه العلة المذكورة في هذا الحديث المنكر، وللعلماء مذهبان في الجمع بين هذا النهي وبين فعله صلى الله عليه وسلم المخالف للنهي

الأول: ادعاء نسخ النهي

الثاني: حمل النهي حيث يخشى أن تبدو العورة، والجواز حيث يؤمن ذلك (1) وفي

كل من المذهبين إشارة إلى رد هذا الحديث،
فإنه لا يتمشى معهما البتة، أما على المذهب الأول فلأن الحديث صريح في أن الاستلقاء المذكور فيه من خصوصيات الله عز وجل فكيف يجوز ذلك؟! وأما على المذهب الثاني فلأنه صريح في أن العلة عنده هو انكشاف العورة أو عدم انكشافها، فلو كان يصح عنده أن العلة كون الاستلقاء من خصوصياته سبحانه لم يجز التعليل بغيرها وهذا ظاهر لا يخفى أيضا. وجملة القول إن هذا الحديث منكر جدا عندي، ولقد قف شعري منه حين وقفت عليه، ولم أجد الآن من تكلم عليه من الأئمة النقاد غير أن الحافظ الذهبي أورده في ترجمة " فليح "، كأنه يشير بذلك إلى أنه مما أنكر عليه كما هي عادته في " ميزانه ". والله أعلم
ثم وجدت في بعض الآثار ما يشهد لكون الحديث من الإسرائيليات، فروى الطحاوي في " شرح المعاني " (2 / 361) بسند حسن أنه قيل للحسن (وهو البصري) : قد كان يكره أن يضع الرجل إحدى رجليه على الأخرى؟ فقال: ما أخذوا ذلك إلا عن اليهود ".
ثم رأيت البيهقي سبقني إلى الكلام على الحديث بنحو ما ظهر لي، فقال في " الأسماء والصفات " (ص 355) بعد أن ساقه من طريق إبراهيم بن المنذر عن محمد بن فليح: " فهذا حديث منكر، ولم أكتبه إلا من هذا الوجه، وفليح بن سليمان مع كونه من شرط البخاري ومسلم، فلم يخرجا حديثه هذا في " الصحيح "، وهو عند بعض الحفاظ غير محتج به
ثم روى بسنده عن ابن معين قال: لا يحتج بحديثه. وفي رواية: قال: ضعيف. قال: وبلغني عن النسائي أنه قال: ليس بالقوي. قال: " فإذا كان فليح بن سليمان المدني مختلفا في جواز الاحتجاج به عند الحفاظ لم يثبت
بروايته مثل هذا الأمر العظيم. وفيه علة أخرى، وهي أن قتادة بن النعمان مات في خلافة عمر بن الخطاب رضي الله عنه. وصلى عليه عمر، وعبيد بن حنين مات سنة خمس ومائة، وله خمس وسبعون سنة في قول الواقدي وابن بكير، فتكون روايته عن قتادة منقطعة، وقول الراوي: وانطلقنا حتى دخلنا على أبي سعيد لا يرجع إلى عبيد بن

حنين، وإنما يرجع إلى من أرسله عنه، ونحن لا نعرفه، فلا تقبل المراسيل في الأحكام، فكيف في هذا الأمر العظيم؟

বাংলা

৭৫৫। আল্লাহ তা’আলা যখন তার সৃষ্টিকুলকে সৃষ্টি করা শেষ করলেন তখন চিৎ হয়ে শুয়ে গেলেন এবং একটি পা-কে অন্য পায়ের উপর রেখে বললেনঃ তার কোন সৃষ্টির এরূপ করা উচিত হবে না।

হাদীছটি খুবই মুনকার।

এটি আবু নাসর আল-গাযী "আল-আমলী" গ্রন্থের (১/৭৭) এক অংশে ইবরাহীম ইবনুল মুনযির আল-হাযামী হতে তিনি মুহাম্মাদ ইবনু ফুলায়েহ ইবনে সুলায়মান হতে তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীছের মধ্যে আমি ইয়াহুদীদের গন্ধ পাচ্ছি। যারা ধারণা পোষণ করে যে, আল্লাহ তা’আলা আসমান ও যমীনকে সৃষ্টি করার পর বিশ্রাম গ্রহণ করেন। এই যালেমরা যা বলেছে আল্লাহ তা’আলা তা থেকে পবিত্র এবং বহু ঊর্ধ্বে। সম্ভবত এ অর্থই আলোচ্য হাদীছটিতে মিলে যাচ্ছে। কারণ চিৎ হয়ে শুয়ে যাবার কারণ একমাত্র বিশ্রাম। এ জন্যেই আমার বিশ্বাস হাদীছটি ইসরাঈলী বর্ণনা হতেই বর্ণিত হয়েছে। এ বিশ্বাসকে আরো শক্তি যোগাচ্ছে আবু নাসরের এ কথা এটি কা’আব আল-আহবার হতে বর্ণিত হয়েছে।’ আবু নাসর আরো বলেনঃ এটি ইবনু আব্বাস (রাঃ) এবং কা’আব ইবনু আজরাহ হতে মওকুফ হিসাবে বর্ণিত হয়েছে। যদি এ কথা সঠিক হয়, তাহলে ধরে নিতে হবে এটি ইসরাঈলী বর্ণনা। সন্দেহ বশত কোন বর্ণনাকারী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত মারফু হিসাবে বর্ণনা করে ফেলেছেন।

মুহাম্মাদ ইবনু ফুলায়েহ ইবনে সুলায়মান ও তার পিতা যদিও ইমাম বুখারীর বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত তবুও তাদের দু’জনের মধ্যে বিশেষ করে পিতার মধ্যে দুর্বলতা আছে। তাকে ইবনু মাঈন দুর্বল আখ্যা দিয়েছেন। অন্য এক বর্ণনায় বলেছেনঃ তিনি ও তার ছেলে নির্ভরযোগ্য নন। অনুরূপভাবে তাকে (পিতাকে) ইবনুল মাদীনী, নাসাঈ ও সাজী দুর্বল আখ্যা দিয়েছেন অতঃপর বলেছেনঃ তিনি সত্যবাদীদের অন্তর্ভুক্ত, তবে সন্দেহ করতেন।

এ জন্য হাফিয ইবনু হাজার তাকে দুর্বল হিসাবে স্বীকার করেছেন। তিনি "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী, বহু ভুলকারী। তবে তার ছেলের অবস্থা তার চেয়ে ভাল। আবু হাতিম বলেনঃ তার ব্যাপারে কোন সমস্যা নেই। কেউ কেউ তাকে নির্ভরযোগ্য বলেছেন। তিনি তার পিতার চেয়ে বেশী নির্ভরযোগ্য। আর ইবনু মাঈন বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য নন। তাদের দু’জনের সনদে ইযতিরাব সংঘটিত হওয়াই, তা তাদের দু’জন ও তাদের হাদীছ দুর্বল হওয়ার প্রমাণ বহন করছে। কারণ তারা একবার বলেছেনঃ সাঈদ ইবনুল হারেছ হতে তিনি ওবায়েদ ইবনু হুনায়েন হতে তিনি কাতাদাহ হতে। আরেকবার সাঈদের স্থলে সালেম ইবনু আবীন নাযুর হতে। আর ইবনু হুনায়েনের সাথে মিলিয়েছেন বুসর ইবনু সাঈদকে। আরেকবার তাদের দু’জনের স্থলে তারা আবুল হুবাব সাঈদ ইবনু ইয়াসারকে স্থান দিয়েছেন। অতএব ইযতিরাব সুস্পষ্ট।

এ হাদীছটি মুনকার হওয়ার প্রমাণ বহন করছে নিম্নোল্লিখিত সহীহ হাদীছ। তাতে বলা হয়েছে বর্ণনাকারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মসজিদে চিৎ হয়ে শুয়ে থাকতে দেখেছেন। এমতাবস্থায় তিনি তার এক পা অন্য পায়ের উপর রেখেছিলেন। এটি ইমাম বুখারী (১/৪৬৬ ফতহুল বারী সহ) বর্ণনা করেছেন এবং মসজিদে চিৎ হয়ে শুয়ে থাকার অধ্যায় রচনা করেছেন। অতঃপর তিনি উমার ও উছমান হতেও চিৎ হয়ে শুয়ে থাকার বর্ণনা নকল করেছেন। যদি চিৎ হয়ে শুয়ে থাকা না জায়েয হতো তাহলে তিনি নিজে এবং তার খালীফাগণ তা করতেন না। মুসলিম শরীফে যে চিৎ হয়ে শুয়া নিষেধের কথা এসেছে, সেই নিষেধ ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কর্মের মধ্যে আলেমগণ দুই ভাবে সমন্বয় সাধন করার চেষ্ট করেছেনঃ

১। নিষেধ হওয়ার হাদীছের হুকুম রহিত হয়ে গেছে।

২। নিষেধ সেই ব্যক্তির ক্ষেত্রে যার লজ্জাস্থান প্রকাশ হয়ে যাবার আশংকা রয়েছে। অতএব জায়েয সেই ব্যক্তির জন্য যার এরূপ আশংকা নেই। উভয় সমাধানই আলোচ্য হাদীছটি পরিত্যক্ত তার দিকেই ইঙ্গিত করছে।

মোটকথা হাদীছটি আমার নিকট খুবই মুনকার । যাহাবীর "আল-মীযান" গ্রন্থে ফুলায়েহের জীবনীতে যা উল্লেখ করেছেন তা ইঙ্গিত বহন করছে তিনি হাদীছটিকে মুনকার হিসাবেই দেখেছেন। অতঃপর আমি কতিপয় আছার পেয়েছি যা সাক্ষ্য দিচ্ছে যে, হাদীছটি ইসরাঈলী বর্ণনার অন্তর্ভুক্ত। ইমাম তাহাবী “শারহুল মা’আনী” (২/৩৬১) গ্রন্থে হাসান সনদে বর্ণনা করেছেন যে, হাসান বাসরীকে বলা হয়েছিল, এক পা অন্য পায়ের উপর রাখাকে কি মাকরুহ হিসাবে গণ্য করা হতো? তিনি বললেনঃ তারা তা ইয়াহুদদের থেকেই গ্রহণ করেছে।"

আলোচ্য হাদীছটির ব্যাপারে আমি যে হুকুম লাগিয়েছি, বাইহাকীও "আল-আসমাউ ওয়াস সিফাত" (পৃঃ ৩৫৫) গ্রন্থে একই হুকুম লাগিয়েছেন। তিনি বলেছেনঃ এ হাদীছটি মুনকার। একমাত্র এ সূত্রেই আমি এটিকে লিখেছি। বর্ণনাকারী ফুলায়েহ ইবনু সুলায়মান যদিও বুখারী ও মুসলিমের শর্তের অন্তর্ভুক্ত বর্ণনাকারী তবুও তারা উভয়েই তার থেকে “আস-সহীহ” গ্রন্থে হাদীছ বর্ণনা করেননি। তিনি কোন হাফিযের নিকট গ্রহণযোগ্য নন। অতঃপর তিনি তার সনদে ইবনু মাঈন হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ তার (ফুলায়েহ) হাদীছ দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

অন্য এক বর্ণনায় বলেনঃ তিনি দুর্বল। তিনি আরো বলেনঃ নাসাঈ হতে আমার নিকট পৌছেছে, তিনি বলেনঃ তিনি শক্তিশালী নন। যখন হাফিযদের নিকট তিনি বিতর্কিত ব্যক্তি তখন তার বর্ণনা দ্বারা এরূপ বিরাট বিষয়ে দলীল গ্রহণ করা যেতে পারে না। এ ছাড়া আরেকটি সমস্যা এই যে, সনদে কাতাদাহ ইবনুন নুমান এবং ওবায়েদ ইবনু হুনায়েনের মধ্যে বিচ্ছিন্নতা। কারণ কাতাদাহ উমার (রাঃ)-এর খেলাফত আমলে মৃত্যু বরণ করেন এবং উমার (রাঃ) তার সালাত পড়ান। অপর পক্ষে ইবনু হুনায়েন মৃত্যু বরণ করেন একশত পাঁচ হিজরীতে। ওয়াকেদী ও ইবনু বুকায়েরের ভাষ্যানুযায়ী মৃত্যুকালে তার বয়স ছিল পঁচাত্তর বছর। অতএব উভয়ের সাক্ষাৎ না ঘটার বিষয়টি সুস্পষ্ট।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71634

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন